


নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ- ২২,০০০ - ৫৩,০৬০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলীর দপ্তরের ১টি শূন্য সহকারী প্রকৌশলী (সিভিল) পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে সরকার কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগে বি.এসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) পাশ হইতে হইবে। প্রার্থীকে সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের ডিজাইন ও এস্টিমেটে বাস্তব অভিজ্ঞতাসহ কম্পিউটারের উপর দক্ষতা থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর হইতে হইবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ২৭-০৪-২০১৭ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষ) নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।


৩০.৩.১৭